



পল্লীলেনদেন সহায়ক প্রশ্নসমূহ ও উত্তর



১) কিভাবে ব্রাঞ্চমেকার এবং ব্রাঞ্চচেকার এ লগইন করতে হয়?

- চেকার ও মেকার এ লগইন করতে নিম্নোক্ত লিঙ্কে গুগল ক্রোম থেকে লগইন করুন
লিঙ্ক ঃ <https://psbbd.com:8443/Account/Login>

মেকার ইউজারের ক্ষেত্রে User Name: Branch Code_ mkr_01 (যেমনঃ 7311_mkr_01) নিজ ব্রাঞ্চের কোড দিবেন । Password: Ebek@12345 (ডিফল্ট পাসওয়ার্ড দিয়ে লগইন করার পর পাসওয়ার্ড বদলে নিন)

চেকার ইউজারের ক্ষেত্রে User Name: Branch Code_ chk_01 (যেমনঃ 7311_chk_01) নিজ ব্রাঞ্চের কোড দিবেন । Password: Ebek@12345 (ডিফল্ট পাসওয়ার্ড দিয়ে লগইন করার পর পাসওয়ার্ড বদলে নিন)

২) চেকার এবং মেকার অ্যাডমিন প্যানেল লক হলে কি করণীয়?

- তিনবারের বেশী ভুল পাসওয়ার্ড দিলে অ্যাডমিন প্যানেল লক হয়ে যাবে। চেকার এবং মেকার অ্যাডমিন প্যানেল লক হলে পল্লীলেনদেন কল সেন্টারে যোগাযোগ করুন ।

৩) লেনদেন ম্যানেজার রেজিস্ট্রেশন কিভাবে করতে হয় ?

- ব্রাঞ্চমেকার অ্যাডমিন প্যানেল থেকে Lenden Manger হতে "Add Lenden Manager" এ যেয়ে যাবতীয় তথ্য যোগ করে "Save" বাটন এ ক্লিক করুন। এরপর ব্রাঞ্চচেকার অ্যাডমিন প্যানেলে Lenden Manger হতে Lenden Manager List এ যেয়ে "Not Checked" বাটনে ক্লিক করে লেনদেন ম্যানেজার রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে ।

৪) "Add Lenden Manager" পেজে কোনকিছু প্রদর্শিত না হলে কি করণীয় ?

- আপনার ইন্টারনেট কানেকশন ঠিক আছে কিনা চেক করে নিন । এরপর পল্লীলেনদেন অ্যাডমিন সাইট টি "গুগল ব্রাউজার" থেকে ওপেন করেছেন কিনা তা চেক করুন ।

৫) লেনদেন ম্যানেজার অ্যাড করার পর "Lenden Manager List" থেকে লেনদেন ম্যানেজারের তালিকা প্রদত্ত পেজে প্রদর্শিত না হলে কি করণীয় ?

- পল্লীলেনদেন অ্যাডমিন প্যানেল টি ৩/৪ মিনিটের বেশী খোলা অবস্থায় কোনো কাজ না করে থাকলে সেশন টাইম আউট হয়ে যায়, সেক্ষেত্রে প্যানেল থেলে লগআউট হয়ে পুনরায় লগইন করুন ।

৬) "Add Lenden Manager" পেজে লেনদেন ম্যানেজারের সদস্য নম্বর দেয়ার পর "Date Of Birth" ফিল্ড টিতে তারিখ নির্বাচন কর যায়না, সেক্ষেত্রে কি করণীয় ?

- উপরোক্ত সমস্যা পেলে, সিবিএস পোর্টালে সদস্যদের ইনফরমেশনে যেয়ে সেই সদস্যদের ইনফরমেশন আপডেট করে নিন।

৭) "Add Lenden Manager" করার সময় "Alert! Bank account number validation fail" লেখা কোন ম্যাসেজ প্রদর্শিত হলে কি করণীয় ?

- লেনদেন ম্যানেজারের ব্যাংক অ্যাকাউন্ট নম্বরে "এসএনডি অ্যাকাউন্ট" দেয়া হয়েছে কিনা তা চেক করে নিন।

৮) কিভাবে "এসএনডি অ্যাকাউন্ট" খোলা হয় ?

- পল্লী সঞ্চয় ব্যাংক এর হেডঅফিসে যোগাযোগ করুন।

৯) ব্রাঞ্চমেকার "Add Lenden Manager" করার সময় "এসএনডি অ্যাকাউন্ট" এর পরিবর্তে "সেভিংস অ্যাকাউন্ট" দিয়ে থাকলে তা পুনরায় কিভাবে ঠিক করা যাবে?

- পল্লী সঞ্চয় ব্যাংক এর হেডঅফিসে যোগাযোগ করুন।

১০) "Add Lenden Manager" করার সময় "Status Required" লেখা কোন ম্যাসেজ প্রদর্শিত হলে কি করণীয়?

- লেনদেন ম্যানেজারের সকল তথ্য যোগ করা হয়েছে কিনা এবং কোন ফিল্ড খালি আছে কিনা তা চেক করে নিন।

১১) লেনদেন ম্যানেজারের আইডি চেকড করার পর তার ফোনে এসএমএস এর মাধ্যমে একটি পিনকোড যায়, সেই পিনকোড টি কেন দরকার হয় ?

- পিনকোড টি পল্লীলেনদেনে লগইন করার পাসওয়ার্ড।

১২) ব্রাঞ্চমেকার কর্তৃক একই লেনদেন ম্যানেজার দুইবার রেজিস্টার্ড হলে কি করণীয় ?

- এক্ষেত্রে ঐ একই লেনদেন ম্যানেজারের একটি আইডি ডিলিট করতে হবে। আইডি ডিলিটের জন্য পল্লীলেনদেন কল সেন্টারে যোগাযোগ করুন।

১৩) লেনদেন ম্যানেজার এই পিনকোড টি হারিয়ে ফেললে পুনরায় কিভাবে পাবে ?

- পুনরায় পিনকোড টি পেতে ব্রাঞ্চমেকার অথবা ব্রাঞ্চচেকার অ্যাডমিন প্যানেলে লগইন করে "Lenden Manager List" থেকে "Reset Pin" বাটনে একবার ক্লিক করলে ম্যানেজার পুনরায় এসএমএস এর মাধ্যমে পিনকোড পাবে।

১৪) লেনদেন ম্যানেজারের আইডি অ্যাপ্রুভ করার পর যদি কোন তথ্য (নাম, ফোন নম্বর, জাতীয় পরিচয় পত্র ইত্যাদি) পরিবর্তন করার প্রয়োজন হলে কি করণীয় ?

- পল্লী সঞ্চয় ব্যাংক এর হেডঅফিসে যোগাযোগ করুন।

১৫) লেনদেন ম্যানেজারের আইডি অ্যাপ্রুভ না করে থাকলে যদি কোন তথ্য (নাম, ফোন নম্বর, জাতীয় পরিচয় পত্র ইত্যাদি) পরিবর্তন করার প্রয়োজন হলে কি করণীয় ?

- পল্লীলেনদেন কল সেন্টারে যোগাযোগ করুন।

১৬) পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান ইন্সটল করতে কি ধরনের মোবাইল সেট প্রয়োজন?

- পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান ইন্সটল করতে স্মার্ট এন্ড্রয়েড মোবাইল সেট প্রয়োজন। মোবাইল কনফিগারেশনঃ র‍্যাম/র‍ম ১ জিবি/৮ জিবি , স্ক্রিন ৫"X ৪.৭", প্রসেসর ১.৩ গিগাহার্টজ (কমপক্ষে) (NFC/Fingerprint প্রযুক্তি থাকলে ভালো)। এছাড়া অ্যাপটি ব্যবহার করতে আপনার মোবাইল ফোনে ইন্টারনেট সংযোগ থাকতে হবে।

১৭) ইন্টারনেট সংযোগ ছাড়া কি পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান চালানো সম্ভব?

- না, ইন্টারনেট সংযোগ ছাড়া পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান চালানো সম্ভব না।

১৮) লেনদেন ম্যানেজার কিভাবে পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান ইন্সটল করবে ?

- পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশানটি ইন্সটল করতে লেনদেন ম্যানেজারের স্মার্ট ফোনের গুগল প্লে-স্টোর থেকে "PalliLenden" লিখে সার্চ করুন। এরপর "Install" বাটনে ট্যাপ করার মাধ্যমে পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান ইন্সটল করুন। নিচের লিঙ্কটি ব্যবহার করেও গুগল প্লে-স্টোর থেকে অ্যাপটি ডাউনলোড করতে পারবে।

<https://play.google.com/store/apps/details?id=com.securepenny.psb>

১৯) পল্লীলেনদেনে লগইন করার সময় "User not register/Login Fail" ম্যাসেজ দেখালে লেনদেন ম্যানেজারের কি করণীয় ?

- অ্যাপ টি মোবাইল ফোন থেকে আনইন্সটল করে পুনরায় ইন্সটল করুন।

২০) লেনদেন ম্যানেজার এর পল্লীলেনদেন এর আইডি লকড হয়ে গেলে কিভাবে আনলক করতে হয় ?

- ৩ বারের বেশী ভুল মোবাইল নম্বর অথবা পিনকোড দিয়ে অ্যাপ এ লগইন করার চেষ্টা করলে লেনদেন ম্যানেজারের আইডি লক হয়ে যাবে। এক্ষেত্রে ব্রাঞ্চমেকার অথবা ব্রাঞ্চচেকার অ্যাডমিন প্যানেলে লগইন করে "Lenden Manager List" থেকে "Locked" বাটনে ক্লিক করে আনলক করা যাবে।

২১) লেনদেন ম্যানেজার যদি পল্লীলেনদেনে লগইন করার পিনকোড না পায় তবে কি করণীয়?

- লেনদেন ম্যানেজারের নিবন্ধিত মোবাইল নম্বর সক্রিয় আছে কিনা তা চেক করে নিন। যদি পিন কোড না আসে তাহলে লেনদেন ম্যানেজারের নিবন্ধিত মোবাইল নম্বর যেই ফোনে যুক্ত সেই ফোনের ম্যাসেজ ইনবক্স ফুল হয়ে থাকলে কিছু ম্যাসেজ ডিলিট করে ফোন টি রিস্টার্ট করুন। এরপরও যদি এসএমএস না আসে তাহলে লেনদেন ম্যানেজারের নিবন্ধিত মোবাইল নম্বরের সিম কার্ড টি অন্য কোন মোবাইল ফোনে যুক্ত করে আবার চেষ্টা করুন। পরিশেষে পুনরায় পিনকোড টি পেতে ব্রাঞ্চমেকার অথবা ব্রাঞ্চচেকার অ্যাডমিন প্যানেলে লগইন করে "Lenden Manager List" থেকে "Reset Pin" বাটনে একবার ক্লিক করলে ম্যানেজার পুনরায় এসএমএস এর মাধ্যমে পিনকোড পাবে।

২২) সমিতির সদস্য নিবন্ধন কে করবে?

- পল্লীলেনদেন অ্যাপ্লিকেশান দ্বারা নির্দিষ্ট সমিতির লেনদেন ম্যানেজার তার নিজ সমিতির মেম্বার নিবন্ধনের কাজ টি করবে।

২৩) গ্রাহক নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন হলে এরপর কি করণীয় ?

- লেনদেন ম্যানেজার গ্রাহক নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করে তারপর গ্রাহক এক্টিভেশন প্রক্রিয়া সম্পন্ন করবে।

২৪) গ্রাহক বলতে কি সমিতির সদস্য বোঝানো হয়েছে ?

- জি, গ্রাহক বলতে সমিতির সদস্য বোঝানো হয়েছে।

২৫) সদস্য নিবন্ধনের সময় কি সদস্য কে উপস্থিত থাকতে হবে?

- জি, সদস্য নিবন্ধনের সময় সদস্য তার জাতীয় পরিচয়পত্র এবং তার সক্রিয় মোবাইলফোন সহ উপস্থিত থাকবে।

২৬) পল্লীলেনদেন অ্যাপ দ্বারা নতুন সদস্য নিবন্ধন করার সময় "Member Id already Exist" লেখা কোন ম্যাসেজ প্রদর্শিত হলে লেনদেন ম্যানেজারের কি করণীয়?

- লেনদেন ম্যানেজার নিজের সদস্য আইডি দিয়ে নিজেকে নিবন্ধন করার চেষ্টা করছে কিনা তা চেক করে নিন অথবা নিবন্ধিত গ্রাহক কে পুনরায় নিবন্ধন করার চেষ্টা করছে কিনা তা চেক করে নিন। লেনদেন ম্যানেজার নিজ সমিতি ব্যতিত অন্য সমিতির মেম্বার নিবন্ধন করার চেষ্টা করছে কিনা তা চেক করুন।

২৭) গ্রাহক নিবন্ধনের ক্ষেত্রে গ্রাহকের সঠিক তথ্য দেয়ার পরও যদি "Member Id already Exist" লেখা ম্যাসেজ প্রদর্শিত হলে লেনদেন ম্যানেজারের কি করণীয়?

- পল্লী সঞ্চয় ব্যাংক এর হেডঅফিসে যোগাযোগ করুন।

২৮) গ্রাহক এক্টিভেশন এর সময় গ্রাহক যদি তার মোবাইল নম্বরে এক্টিভেশন কোড না পায় তবে লেনদেন ম্যানেজারের কি করণীয়?

- গ্রাহকের নিবন্ধিত মোবাইল নম্বর, গ্রাহক এক্টিভেশন ফিন্ডে দেয়া হয়েছে কিনা তা চেক করে "পুনরায় পাঠান" বাটনে ক্লিক করুন। যদি এক্টিভেশন কোড না আসে তাহলে গ্রাহকের নিবন্ধিত মোবাইল নম্বর যেই ফোনে যুক্ত সেই ফোনের ম্যাসেজ ইনবক্স ফুল হয়ে থাকলে কিছু ম্যাসেজ ডিলিট করে ফোন টি রিস্টার্ট করে "পুনরায় পাঠান" বাটনে ক্লিক করুন। এরপরও যদি না আসে তাহলে গ্রাহকের নিবন্ধিত মোবাইল নম্বরের সিম কার্ড টি অন্য কোন স্মার্টফোনে যুক্ত করে আবার চেষ্টা করুন। সমাধান না হলে পল্লীলেনদেন কল সেন্টারে যোগাযোগ করুন।

২৯) লেনদেনের সময় "Member is not active yet" লেখা ম্যাসেজ প্রদর্শিত হলে লেনদেন ম্যানেজারের কি করণীয়?

- লেনদেন ম্যানেজার সেই গ্রাহকের এক্টিভেশন সম্পন্ন করেছে কিনা তা চেক করে নিন।

৩০) পল্লীলেনদেনে লগইন করার সময় "Invalid Username and Password" লেখা ম্যাসেজ প্রদর্শিত হলে লেনদেন ম্যানেজারের কি করণীয়?

- লেনদেন ম্যানেজারের মোবাইল ফোনের ইন্টারনেট কানেকশন ঠিক আছে কিনা চেক করে নিন। এবং লেনদেন ম্যানেজার সঠিক ইউজার আইডি ও পাসওয়ার্ড দিচ্ছে কিনা তা চেক করে নিন। সমাধান না হলে ব্রাঞ্চচেকার কর্তৃক সেই লেনদেন ম্যানেজারের আইডি অ্যাপ্রুভ করা হয়েছে কিনা তার জন্য ব্রাঞ্চ ম্যানেজারের সাথে যোগাযোগ করুন। সমাধান না হলে পল্লীলেনদেন কল সেন্টারে যোগাযোগ করুন।

৩১) কোন লেনদেন করার সময় "Transaction Service Is Not Active For This Branch" লেখা ম্যাসেজ প্রদর্শিত হলে লেনদেন ম্যানেজারের কি করণীয়?

- উক্ত ব্রাঞ্চের জন্য ট্রান্সঅ্যাকশন বন্ধ করে রাখার কারণে এই ধরনের সমস্যা হতে পারে। ব্রাঞ্চ ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক এর হেডঅফিসে যোগাযোগ করবে উক্ত ব্রাঞ্চ ট্রান্সঅ্যাকশন প্রসেস এন্টিভ করার জন্য।

৩২) পল্লীলেনদেনের মাধ্যমে কোন লেনদেন প্রক্রিয়া সম্পন্ন হলে লেনদেন ম্যানেজার কিভাবে তা জানতে পারবে?

- পল্লীলেনদেনের মাধ্যমে লেনদেন প্রক্রিয়া সম্পন্ন হলে লেনদেন ম্যানেজার প্রতিটি লেনদেনের জন্য অ্যাপটিতে একটি করে নোটিফিকেশন পাবেন।

৩৩) যেকোনো লেনদেন করার সময় "OTP" না এলে লেনদেন ম্যানেজারের কি করণীয় ?

- এক্ষেত্রে লেনদেন ম্যানেজারের নিবন্ধিত মোবাইল নম্বর সক্রিয় আছে কিনা তা চেক করে নিন। যদি "OTP" না আসে তাহলে লেনদেন ম্যানেজারের নিবন্ধিত মোবাইল নম্বর যেই ফোনে যুক্ত সেই ফোনের ম্যাসেজ ইনবক্স ফুল হয়ে থাকলে কিছু ম্যাসেজ ডিলিট করে ফোন টি রিস্টার্ট করুন। এরপরও যদি না আসে তাহলে লেনদেন ম্যানেজারের নিবন্ধিত মোবাইল নম্বরের সিম কার্ড টি অন্য কোন মোবাইল ফোনে যুক্ত করে আবার চেষ্টা করুন এবং "পুনরায় ওটিপি পাঠান " বাটনে ক্লিক করুন।

৩৪) যেকোনো লেনদেনে সঠিক "OTP" দেওয়ার পর "Invalid OTP" লেখা ম্যাসেজ প্রদর্শিত হলে লেনদেন ম্যানেজারের কি করণীয় ?

- পল্লীলেনদেন কল সেন্টারে যোগাযোগ করুন।

৩৫) লেনদেন ম্যানেজার নিজের ওয়ালেট অথবা চলতি হিসাবের ব্যালেন্স চেক করার সময় "Something Wrong" লেখা কোন ম্যাসেজ প্রদর্শিত হলে লেনদেন ম্যানেজারের কি করণীয় ?

- লেনদেন ম্যানেজারের ব্যাংক অ্যাকাউন্ট এসএনডি অ্যাকাউন্ট কিনা তা চেক করে নিন। ব্রাঞ্চচেকার কর্তৃক সেই লেনদেন ম্যানেজারের এসএনডি অ্যাকাউন্ট অ্যাপ্রুভ করা হয়েছে কিনা তার জন্য ব্রাঞ্চ ম্যানেজারের সাথে যোগাযোগ করুন। ব্যাংক অ্যাকাউন্ট সংক্রান্ত সমস্যার জন্য পল্লী সঞ্চয় ব্যাংক এর হেডঅফিসে যোগাযোগ করুন।

৩৬) লেনদেন ম্যানেজার টাকা যোগ করার সময় "CBS Debit Account No. is Not Valid" লেখা ম্যাসেজ প্রদর্শিত হলে লেনদেন ম্যানেজারের কি করণীয়?

- এসএনডি অ্যাকাউন্ট নম্বর ঠিক আছে কিনা তা চেক করে নিন। অ্যাকাউন্ট নম্বরটি ১৪/১৫ ডিজিটের হয়ে থাকলে তা ঠিক করিয়ে নিতে হবে। সঠিক অ্যাকাউন্ট নম্বরটি ১৬ ডিজিটের হবে। অ্যাকাউন্ট নম্বর ঠিক করতে পল্লী সঞ্চয় ব্যাংক এর হেডঅফিসে যোগাযোগ করুন।
- ৩৭) পল্লীলেনদেন অ্যাপ্লিকেশান দ্বারা লেনদেন ম্যানেজার এসএনডি অ্যাকাউন্ট হতে অ্যাপে টাকা যোগ করার সময় "Debit branch transaction date process calling problem" লেখা কোন ম্যাসেজ প্রদর্শিত হলে লেনদেন ম্যানেজারের কি করণীয়?
- ব্রাঞ্চ ওপেন না করে থাকলে উক্ত সমস্যা হতে পারে। এক্ষেত্রে লেনদেন ম্যানেজার ব্রাঞ্চে যোগাযোগ করবে এবং ব্রাঞ্চ ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক এর হেডঅফিসে যোগাযোগ করবে।
- ৩৮) কোন লেনদেন ম্যানেজারের টাকা যোগ করার সময় "প্রতিদিন লেনদেনের সীমা 20000 BDT অতিক্রম করেছে" লেখা ম্যাসেজ প্রদর্শিত হলে কি করণীয়?
- উক্ত লেনদেন ম্যানেজারের টাকা যোগ করার লিমিট বাড়িয়ে দেওয়ার জন্য তার ব্রাঞ্চ ম্যানেজারের নিকট জানাবেন এবং ব্রাঞ্চ ম্যানেজার পল্লীলেনদেন কল সেন্টারে যোগাযোগ করবে।
- ৩৯) পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান দ্বারা লেনদেন ম্যানেজার কি তার ওয়ালেট থেকে ব্যাংক অ্যাকাউন্ট-এ টাকা উত্তোলন করতে পারবে?
- হ্যাঁ, পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান দ্বারা লেনদেন ম্যানেজার তার ওয়ালেট থেকে ব্যাংক অ্যাকাউন্ট-এ টাকা উত্তোলন করতে পারবেন।
- ৪০) পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান দ্বারা কি সমিতির টাকা জমা করা যাবে?
- হ্যাঁ, পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান দ্বারা আপনি সমিতির টাকা জমা করতে পারবেন।
- ৪১) পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান দ্বারা কি ঋণের কিস্তি পরিশোধ করা যাবে?
- হ্যাঁ, পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশান দ্বারা আপনি ঋণের কিস্তি পরিশোধ করতে পারবেন।
- ৪২) কোন লেনদেন ম্যানেজার সমিতির সদস্যের ঋণের কিস্তি পরিশোধ করার সময় "প্রতিদিন লেনদেনের সীমা 20000 BDT অতিক্রম করেছে" লেখা ম্যাসেজ প্রদর্শিত হলে কি করণীয়?
- উক্ত লেনদেন ম্যানেজারের ঋণের কিস্তি পরিশোধ করার লিমিট বাড়িয়ে দেওয়ার জন্য তার ব্রাঞ্চ ম্যানেজারের নিকট জানাবেন এবং ব্রাঞ্চ ম্যানেজার পল্লীলেনদেন কল সেন্টারে যোগাযোগ করবে।
- ৪৩) সমিতির কিস্তি পরিশোধ অথবা সমিতির সঞ্চয় হিসাবে টাকা জমা করার সময় "Something went wrong. Error: Debit Branch Value Date Should not Blank" লেখা ম্যাসেজ প্রদর্শিত হলে লেনদেন ম্যানেজারের কি করণীয়?

- ইন্টারনেট কানেকশন ঠিক আছে কিনা চেক করে নিন এবং অ্যাপ থেকে লগআউট হয়ে কিছুক্ষণ অপেক্ষা করে পুনরায় লেনদেন করার চেষ্টা করুন।

৪৪) সম্পূর্ণ ঋণের টাকা পরিশোধ করা যাচ্ছেনা, লেনদেন ম্যানেজারের কি করণীয় ?

- সদস্যের নির্ধারিত ঋণের টাকার পরিমাণ থেকে বাড়তি টাকা পরিশোধ করার চেষ্টা করা হচ্ছে কিনা তা চেক করুন। সঠিক টাকার পরিমাণ দেয়ার পরও একই সমস্যা হলে ব্রাঞ্চ ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক এর হেডঅফিসে যোগাযোগ করবে।

৪৫) পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশন দ্বারা কি যেকোনো অপারেটর-এ মোবাইল রিচার্জ করা সম্ভব?

- হ্যাঁ, পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশন দ্বারা আপনি যেকোনো অপারেটর-এ মোবাইল রিচার্জ করতে পারবেন।

৪৬) পল্লীলেনদেন অ্যাপ্লিকেশন দ্বারা "বিল পেমেন্ট" (পল্লী বিদ্যুৎ) করা যাচ্ছেনা, কি করণীয় ?

- সাময়িকভাবে পল্লীলেনদেন অ্যাপ্লিকেশন দ্বারা "বিল পেমেন্ট" (পল্লী বিদ্যুৎ) সেবা বন্ধ করা আছে।

৪৭) পল্লী লেনদেন মোবাইল অ্যাপ্লিকেশন দ্বারা কিভাবে লেনদেন ম্যানেজার তার প্রতিদিনের লেনদেনের বিবরণ দেখতে পারে?

- পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশন দ্বারা লেনদেন ম্যানেজার "লেনদেনের বিবরণ" অপশনটি থেকে প্রতিদিনের লেনদেনের বিবরণ দেখতে পারে।

৪৮) পল্লীলেনদেন মোবাইল অ্যাপ্লিকেশন দ্বারা কিভাবে লেনদেন ম্যানেজার তার প্রাপ্ত কমিশন দেখতে পারবে?

- একজন লেনদেন ম্যানেজার "লেনদেনের বিবরণ" হতে তার প্রাপ্ত কমিশন দেখতে পারবেন।

৪৯) কোন লেনদেন সম্পন্ন হওয়ার পর যদি লেনদেন ম্যানেজারের পল্লীলেনদেন ওয়ালেট থেকে টাকা কেটে নেয় কিন্তু কোন কমিশন তার ওয়ালেটে যোগ না হয় সেক্ষেত্রে কি করণীয় ?

- পল্লীলেনদেন কল সেন্টারে যোগাযোগ করুন।

৫০) ব্রাঞ্চ ম্যানেজার অথবা জুনিয়র অফিসার তাদের নির্দিষ্ট ব্রাঞ্চ হতে অন্য ব্রাঞ্চে বদলি হলে অ্যাডমিন প্যানেলে নাম পরিবর্তনের জন্য কোথায় যোগাযোগ করবে?

- পল্লীলেনদেন কল সেন্টারে যোগাযোগ করবে।

বি.দ্র. এছাড়াও পল্লীলেনদেন সংক্রান্ত যাবতীয় তথ্য জানতে অথবা সাহায্য পেতে পল্লীলেনদেন কল সেন্টার এ যোগাযোগ করুন।